

## বিমানের অনিয়ম রোধে সরকার জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে : বিমান প্রতিমন্ত্রী

- A Monitor Desk Report

Date: 15 September, 2023



ঢাকা : বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন প্রতিমন্ত্রী মো. মাহবুব আলী বলেছেন, বাংলাদেশ বিমানের লোকসান ও সকল ধরনের অনিয়ম রোধে সরকার জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে।

তিনি বুধবার (১৩ সেপ্টেম্বর) সংসদে জাতীয় পার্টির সদস্য বেগম নাসরিন জাহান রতনা'র টেবিলে উত্থাপিত তারকা চিহ্নিত এক প্রশ্নের জবাবে বলেন, বিমানের অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম জোরদার করা হয়েছে। সকল ধরনের অনিয়ম রোধে শূন্য সহিষ্ণুতা (জিরো টলারেন্স) নীতি অনুসরণ করা হচ্ছে। বাংলাদেশ বিমানের লোকসান ও সকল ধরনের অনিয়ম রোধে মন্ত্রণালয় বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে।

তিনি বলেন, বিমান বহরে নতুন প্রজন্মের ১৯টি নিজস্ব উড়োজাহাজ সংযোজন করা হয়েছে এবং নতুন উড়োজাহাজ সংযোজন প্রক্রিয়া চলমান রয়েছে। বিশ্বমানের অন টাইম পারফরমেন্স অর্জিত হয়েছে ও তা বজায় রাখার প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

আরও পড়ুন: [যুক্তরাষ্ট্রে ফ্লাইট পরিচালনার আনুষ্ঠানিক আবেদন বিমানের](#)

যাত্রী সেবার মান উন্নয়নে কঠোর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে উল্লেখ করে প্রতিমন্ত্রী বলেন, অনলাইন টিকিটিং ব্যবস্থা প্রচলনের মাধ্যমে যাত্রীদের টিকিট ক্রয়ের কষ্ট লাঘব করা হয়েছে। নতুন রুট সংযোজনের মাধ্যমে আয় বৃদ্ধির প্রক্রিয়া গতিশীল করা হয়েছে। সম্প্রতি টরেন্টো, নারিতা ও গুয়াংজু রুটে ফ্লাইট পরিচালনা শুরু করা হয়েছে।

তিনি বলেন, যাত্রী ও কার্গো পরিবহন বৃদ্ধির মাধ্যমে ব্যবসা সম্প্রসারণ করা হয়েছে। ব্যয় যৌক্তিক পর্যায়ে হ্রাস করা হয়েছে এবং জনবলের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা হয়েছে।